যুগান্তর

প্রিন্ট: ০৮ অক্টোবর ২০২৫, ০৯:০৩ এএম

জাতীয়

# জোরপূর্বক পদত্যাগকৃত শিক্ষকদের জন্য সুখবর

যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৭ অক্টোবর ২০২৫, ১০:১৯ পিএম



জোরপূর্বক পদত্যাগকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষসহ শিক্ষকদের নাম ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (ইএফটি) পদ্ধতিতে অন্তর্ভুক্ত করার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। একই সঙ্গে তাদের বেতন-ভাতা প্রদানের নির্দেশ দেওয়া হয়েছে।

মঙ্গলবার (৭ অক্টোবর) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. মুহাম্মদ আজাদ খানকে দেওয়া এক চিঠিতে এই নির্দেশ দেওয়া হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-১ শাখার উপসচিব (অতিরিক্ত দায়িত্ব) সাইয়েদ এ জেড মোরশেদ আলী চিঠিতে সই করেছেন।

বদলি ও পদায়ন নিয়ে মন্ত্রণালয়ের নতুন নির্দেশনা

চিঠিতে বলা হয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ১৪ জানুয়ারির পত্রের আদেশ অনুযায়ী, জোরপূর্বক পদত্যাগকারী শিক্ষকগণের তদন্ত চলমান অবস্থায় যাদের বেতন ভাতাদি চালু করা হয়নি, সেসব শিক্ষকগণের বেতন-ভাতাদি চালু করার জন্য এ বিভাগে আবেদন করেছেন। বেতন-ভাতা বন্ধ থাকায় তারা মানবেতর জীবনযাপন করছেন মর্মে আবেদনে উল্লেখ করেছেন। ফলে তাদের বিরুদ্ধে অভিযোগের তদন্তপূর্বক আইন ও বিধি-বিধান অনুযায়ী নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাদের বেতন-ভাতা চালু করা প্রয়োজন।

পদ থেকে অব্যাহতি চেয়ে মাউশি মহাপরিচালকের আবেদন

এতে আরো বলা হয়, এমতাবস্থায় জোরপূর্বক পদত্যাগকৃত বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অধ্যক্ষ বা প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষকদের/ইএফটিতে নাম অন্তর্ভুক্তকরণসহ বেতন-ভাতা চালুকরণ এবং বেতন-ভাতা চালুকরণে অসহযোগিতা বা বাধা প্রদান করা হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।